অভিযোগ দায়ের করলে কি আমার বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণের কারণে ভুগতে হতে পারে?

নিউ ইয়র্কের মানবাধিকার আইনে প্রতিশোধমূলক আচরণকে নিষিদ্ধ করা হয়, হয় তা আপনার নিয়োগকর্তার কাছে আভ্যন্তরীণ আবেদন দায়ের করার জন্যে এবং/অথবা শাখার কাছে একটি অভিযোগ দায়ের করার জন্যে। আপনার নিজেকে একজন প্রতিশোধের শিকার বলে মনে হলে আপনাকে শাখার সঙ্গে যোগাযোগ করতে ও একটি অভিযোগ দায়ের করতে হবে।

আমি একজন মহিলা। অন্য কোনও মহিলা আমার উপর যৌন হয়রানি করলে কি আমি অভিযোগ দায়ের করতে পারি?

হ্যাঁ, যৌন হয়রানি পুরুষ ও মহিলার, পুরুষ ও পুরুষের অথবা মহিলার ও মহিলার মধ্যে হতে পারে।

একটি একক অসঙ্গত যৌন আচরণ কি যৌন হয়রানি হওয়ার পক্ষে যথেষ্ট এবং আমি কি অভিযোগ দায়ের করতে পারি?

সেই ঘটনার তীব্রতার উপর নির্ভর করে একটি একক ঘটনাও যৌন হয়রানির মাত্রা বৃদ্ধি করার পক্ষে যথেষ্ট হতে পারে। আইনে আচরণটির তীব্র ও/বা পরিব্যাপ্ত হওয়ার প্রয়োজন হয়, যাতে একটি রসিকতা বা মন্তব্য যৌন হয়রানির পক্ষে যথেষ্ট না হয়। যদিও, আদালতের পক্ষ থেকে এটা তুলে ধরা হয়েছে যে একটি একক তীব্র ঘটনাতেও যৌন হয়রানি হতে পারে। একটি একক ঘটনা হোক বা একাধিক ঘটনা, আপনার তবুও অভিযোগ দায়ের করার অধিকার থাকবে। তথাপি শাখার থেকে আপনাকে সহায়তা করা যাবে।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

যৌন হয়রানি

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Sexual Harassment

যৌন হয়রানি বেআইনি

যৌন হয়রানিকে নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইন, 1964 সালের যুক্তরাষ্ট্রীয় নাগরিক অধিকার আইনের পরিচ্ছেদ VII এর এবং অন্যান্য বিভিন্ন স্থানীয় আইনে যৌন বৈষম্যের একটি ধরন হিসেবে নিষিদ্ধ করা হয়েছে। এই বেআইনি আচরণ চাকরিতে, আবাসনে, শিক্ষা প্রতিষ্ঠানে বা প্রকাশ্য সুবিধার স্থানে ঘটতে পারে। যদিও, বেশিরভাগ ক্ষেত্রে, যৌন হয়রানি কর্মস্থলে ঘটে থাকে।

যদিও মানবাধিকার আইন সাধারণভাবে চারজন বা তার বেশি কর্মচারী সহ নিয়োগকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হয়, যৌন হয়রানির বিধি নিউ ইয়র্ক স্টেটের সকল নিয়োগকর্তার ক্ষেত্রেই কর্মচারীর সংখ্যা ব্যতিরেকে প্রযোজ্য।

কর্মস্থলে যৌন হয়রানি

যৌন হয়রানিকারী আচরণের মধ্যে পড়তে পারে অবাঞ্ছিত মৌখিক বা শারীরিক যৌন ঘনিষ্ঠতা, যৌন স্পষ্টতা সহ বিবৃতি অথবা এমন অবমাননাকর মন্তব্য যা গ্রহীতার কাছে আপত্তিকর বা অবাঞ্ছিত।

উদাহরণগুলির মধ্যে পড়ে:

- যৌন আনুকূল্যের অনুরোধ, যার সঙ্গে থাকতে পারে কারও কাজের কার্যসম্পাদনের মূল্যায়ন বা পদোন্নতি সংক্রান্ত প্রচ্ছন্ন বা প্রকট হুমকি।
- অবাঞ্ছিত যৌন কার্যকলাপের জন্য সূক্ষ্ম বা স্পষ্টভাবে চাপ দেওয়া।
- যৌন মন্তব্যের বা প্রশ্নের একটি প্যাটার্নের আকারে মৌখিক হয়রানি বা নির্যাতন।
- অপ্রয়োজনীয় বা অসঙ্গত শারীরিক স্পর্শ।
- কামুক ফটোগ্রাফ বা অঙ্কন প্রদর্শন।

অবাঞ্ছিত যৌন ঘনিষ্ঠতা, যৌন আনুকূল্যের অনুরোধ এবং যৌন প্রকৃতির অন্যান্য মৌখিক বা শারীরিক আচরণ বেআইনি যৌন হয়রানি গঠন করে, যখন:

- সেই আচরণের কাছে নতি স্বীকার করাকে চাকরির একটি নিয়ম বা শর্ত করা হয় (হয় স্পষ্টভাবে অথবা প্রচ্ছন্নভাবে);
- সেই আচরণের কাছে নতি স্বীকার করা বা তা প্রত্যাখ্যান করাকে একজনের চাকরিকে প্রভাবিত করার ভিত্তি হিসেবে ব্যবহার করা হয়; অথবা
- সেই আচরণের একজন ব্যক্তির কার্যসম্পাদনে হস্তক্ষেপের উদ্দেশ্য বা প্রভাব থাকতে পারে অথবা একটি ভীতি-প্রদর্শক, প্রতিকূল বা আপত্তিকর কাজের পরিবেশ সৃষ্টি করতে পারে।

আপনাকে যৌন হয়রানি করা হলে নেওয়ার মতো কিছু পদক্ষেপ

- আপনার সুপারভাইজারের সঙ্গে কথা বলুন। হয়রানিকারী আপনার সুপারভাইজার হলে তার সুপারভাইজারের সঙ্গে কথা বলুন। এইসব যোগাযোগ সংক্রান্ত নোট রাখুন, যার মধ্যে পড়ে তারিখ, কথাবার্তার প্রকৃতি ও লেগে থাকা, যদি তা করা হয়।
- আপত্তিকর আচরণের বিরুদ্ধে রিপোর্ট করুন। আপনার নিয়োগকর্তার বিরুদ্ধে ইতিবাচক পদক্ষেপ প্রশাসক, কর্মীবৃন্দের পরিচালক, EEO আধিকারিক, ইউনিয়নের প্রতিনিধি অথবা যৌন হয়রানির অভিযোগ পরিচালনার জন্য মনোনীত অন্য যে কোনও ব্যক্তির মাধ্যমে রিপোর্ট করুন। এইসব যোগাযোগ সংক্রান্ত নোট রাখুন, যার মধ্যে পড়ে তারিখ, কথাবার্তার প্রকৃতি ও লেগে থাকা, যদি তা করা হয়।
- একটি ডাইরি রাখুন। আপনার সঙ্গে যা যা ঘটছে সেগুলি লিখে রাখুন। সরাসরি উদ্ধৃতি, হয়রানির প্যাটার্ন ও সাক্ষীদের নাম অন্তর্ভুক্ত করুন। আপনাকে পাঠানো যে কোনও চিঠি, কার্ড বা ই-মেল সংরক্ষণ করুন। ডাইরি ও নোটগুলি, উভয়কেই একটি নিরাপদ স্থানে রাখুন, যা বাড়িতে হওয়াই বাঞ্ছনীয়।
- অন্য লোকেদের জিজ্ঞাসা করুন। অন্যদের থেকে জেনে নিন যে যারা হয়রানিকারীর সঙ্গে বা তার কাছাকাছি কাজ করে তাদের উপর হয়রানি হয়েছে কিনা অথবা তারা অন্য কারও সঙ্গে হয়েছে বা হয়ে থাকতে পারে বলে জানেন কিনা।

যদিও উপরে সুপারিশ করা পদক্ষেপগুলি নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে, তথাপি আপনি এই পদক্ষেপগুলি না নিয়ে থাকলেও মানবাধিকার শাখায় একটি অভিযোগ দায়ের করতে পারেন।

কিছু উদাহরণ:

আমাকে কি শাখার কাছে প্রতিকূল কাজের পরিবেশ সম্পর্কে অভিযোগ দায়ের করার আগে একটি আভ্যন্তরীণ অভিযোগ দায়ের করতে হবে?

আপনার শাখার কাছে অভিযোগ দায়ের করার আগে একটি আভ্যন্তরীণ অভিযোগ দায়ের করার প্রয়োজন নেই, তবে তা করার সুপারিশ করা হয়। আদালত এটা তুলে ধরেছে যে কিছু কিছু পরিস্থিতিতে সেই কর্মচারী যদি নিয়োগকর্তাকে না জানিয়ে থাকেন, যাতে নিয়োগকর্তার যৌন প্রতিকূলতার পরিবেশের প্রতিকার করার সুযোগ পান, সেক্ষেত্রে নিয়োগকর্তার কোনও দায় থাকে না।